মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি
সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ ।
ISO 9001:2015 Certified

☎ ঃ ০২৯৯৭৭৩১৫৫৪, ০২৯৯৭৭৩১৭৪৭
ই-মেইল- mngpbs@yahoo.com
ওয়েব- www. pbs.munshiganj.gov.bd

স্মারক নং-২৭.১২.৫৯৫৬.৫৬০.০২.০০৮.২৪- ৩৮৬৭

তারিখঃ ২৬ ভাদ্র ১৪৩১
১০ সেপ্টেম্বর ২০২৪

# "আন্তঃ পবিস নিয়োগ বিজ্ঞপ্তি"

মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতিতে নিম্নবর্ণিত পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের নিমিত্ত পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ এবং মুন্সীগঞ্জ পবিস কর্মচারী চাকুরীবিধি ১৯৯২ (সংশোধিত ২০১২) মোতাবেক বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে পদোন্নতির যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন লাইনম্যান গ্রেড-১ পদে কর্মরতগণের নিকট হতে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | প্রার্থীর যোগ্যতা |
|---|---|---|
| ০১ | লাইন টেকনিশিয়ান | ক) এস এস সি বা সমমান (বিজ্ঞান বিভাগের অগ্রাধিকার) পাসসহ লাইনম্যান গ্রেড-১ পদে কমপক্ষে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। তবে লাইনক্রু হিসেবে মোট চাকুরীকাল ১০ (দশ) বছর হতে হবে।<br>খ) বিদ্যুৎ বিতরণ সুবিধা সৃষ্টিতে লাইন নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও পরিচালনায় পর্যাপ্ত জ্ঞান ও অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ মোতাবেক প্রয়োজনীয় প্রশিক্ষণে উত্তীর্ণ হতে হবে।<br>ঘ) বৈদ্যুতিক লাইন, স্টেকিং শীট, বাপবিবোর্ডের নিমার্ণ নীতিমালা এবং বিতরণ লাইনের রক্ষণাবেক্ষণ কাজের পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। জরুরী প্রাথমিক চিকিৎসায় প্রশিক্ষণ ও পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে।<br>ঙ) প্রার্থীকে অবশ্যই পোলের উপর উঠা এবং পোলে উঠে কাজ করার সামর্থ্য থাকতে হবে।<br>চ) লাইনক্রুগণকে কাজ করার ক্ষেত্রে সংগঠিত ও তত্ত্বাবধান করার ক্ষমতা থাকতে হবে।<br>ছ) সর্বশেষ ০৩ (তিন) বৎসরের বার্ষিক কর্মমূল্যায়ন এর রেটিং ন্যূনতম ৩.৫০ থাকতে হবে।<br>জ) পবিস কর্মচারী চাকুরীবিধি, ১৯৯২ (সংশোধিতঃ ২০১২) এবং সংশ্লিষ্ট পবিস নির্দেশিকা সমূহের সকল শর্ত পূরণ হতে হবে। |

শর্তাবলীঃ

০১। আবেদনকারীকে পদের নাম উল্লেখ করে সাদা কাগজে (A4 সাইজের কাগজে) স্বহস্তে বাংলায় লিখিত আবেদন পত্রে (ক) নিজের নাম, (খ) পিতার নাম, (গ) মাতার নাম, (ঘ) স্থায়ী ঠিকানা, (ঙ) বর্তমান ঠিকানা, (চ) জন্ম তারিখ, (ছ) বয়স, (জ) জাতীয়তা, (ঝ) ধর্ম, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) চাকুরীতে প্রথম যোগদানের তারিখ, (ঠ) চাকুরীতে নিয়মিত করণের তারিখ উল্লেখপূর্বক আবেদন পত্রসহ স্ব-শরীরে আগামী ২৯/০৯/২০২৪ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় মুন্সীগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, সিপাহীপাড়া, মুন্সীগঞ্জ এ উপস্থিত হয়ে নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

**০২। আবেদনপত্রের সাথে নিম্নেবর্ণিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ**

(ক) বর্তমান পদে যোগদান ও নিয়মিতকরণ পত্রের অনুলিপি।

(খ) পবিস নির্দেশিকা ৩০০-০৮ অনুযায়ী প্রশিক্ষণে কৃতকার্য হওয়ার প্রমাণ পত্রের অনুলিপি।

(গ) বিগত ০৩ (তিন) বছরের বার্ষিক কর্মমূল্যায়নের অনুলিপি।

(ঘ) হালনাগাদ ড্রাইভিং লাইসেন্স এর অনুলিপি।

(ঙ) সম্প্রতি তোলা ০২ (দুই) কপি রঙ্গিন পাসপোর্ট সাইজের ছবি।

(চ) আবেদনকারীকে পদোন্নতি প্রদানের জন্য কর্মরত পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার এর সুস্পষ্ট সুপারিশ, অনাপত্তি সনদ ও বিগত ০৫ (পাঁচ) বছরের মধ্যে গৃহীত প্রশাসনিক ব্যবস্থা (যদি থাকে/না থাকে)এর প্রত্যয়ন পত্র।

(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত অথবা ফৌজদারী মামলা চলমান নাই অথবা চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন নাই মর্মে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

(জ) সকল কাগজপত্র বর্তমানে কর্মরত পবিসের এজিএম (প্রশাসন/এইচ আর) কর্তৃক সত্যায়িত হতে হবে।

**০৩। পদোন্নতির জন্য সাক্ষাৎকার গ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত প্রার্থীকে বিবেচনা করা হবে নাঃ**

(ক) সর্বশেষ ০৩ (তিন) বছর কোনরূপ গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(খ) সর্বশেষ ০১ (এক) বছর কোনরূপ লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(গ) বিগত ০৫ (পাঁচ) বছরের ভিতর একের অধিক বার গুরুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(ঘ) বিগত ০৪ (চার) বছরের ভিতর একবার গুরুদন্ড এবং একবার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(ঙ) বিগত ০৩ (তিন) বছরের ভিতর একের অধিক বার লঘুদন্ড প্রাপ্ত হয়েছেন;

(চ) পদোন্নতির জন্য ০৩ (তিন) বার মৌখিক নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হওয়ার ফলে পদোন্নতি কমিটির সিদ্ধান্তনুযায়ী অযোগ্য বিবেচিত/ঘোষিত হয়েছেন;

(ছ) বর্তমানে বিভাগীয় তদন্ত এবং চার্জশীটের আওতায় তদন্ত প্রক্রিয়াধীন সময়কালে কোন কর্মচারী পদোন্নতির জন্য বিবেচিত হবেন না;

(জ) কোন কর্মচারীর বিরুদ্ধে দপ্তর কর্তৃক দায়েরকৃত ফৌজদারী মামলা চলমান থাকলে তিনি তৎসময়কালে পদোন্নতির জন্য বিবেচিত হবেন না;

**৪। পদোন্নতির ক্ষেত্রে নিম্নোক্ত নীতিমালার সকল শর্তাদি প্রযোজ্য হবেঃ**

(ক) পবিস নির্দেশিকা ৩০০-১৪ এর সংশ্লিষ্ট " পদ বিবরনী" তে উল্লেখিত সকল শর্তাদি পূরণ করতে হবে।

(খ) পদোন্নতির বিষয়ে পবিস নির্দেশিকা ৩০০-২৪ অনুচ্ছেদ-এ উল্লেখিত বিধান/শর্তাদি পূরণ করতে হবে।

(গ) মুন্সীগঞ্জ পবিস কর্মচারী চাকুরীবিধি ১৯৯২ (সংশোধিত ২০১২) এর ধারা ৭, ১৪ এবং ১৬ প্রতিপালন করা হবে।

০৫। সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-১৩ ও ৩০০-১৭ অনুযায়ী বেতন ভাতাদি সংরক্ষণ করা হবে।

০৬। পদোন্নতির ক্ষেত্রে জেলা কোটা প্রযোজ্য নয়। তবে মুন্সীগঞ্জ পবিস এর ভৌগোলিক এলাকায় (মুন্সীগঞ্জ জেলার মুন্সীগঞ্জ সদর, শ্রীনগর, লৌহজং, সিরাজদিখান ও টংগীবাড়ী উপজেলা এবং নারায়নগঞ্জ জেলার আলীরটেক ও বক্তাবলী ইউনিয়ন, শরীয়তপুর জেলার নড়িয়া ও ভেদরগঞ্জ উপজেলার চরআত্রা, কাঁচিকাঁটা ও নওপাড়া ইউনিয়ন, জাজিরা উপজেলার কুন্ডেরচর ইউনিয়ন, চাঁদপুর জেলার মতলব উপজেলার এখলাছপুর, মোহনপুর ও জহিরাবাদ (আংশিক) ইউনিয়নের) স্থায়ীভাবে বসবাসরত প্রার্থীগণ আবেদন করতে পারবেন না।

০৭। পদোন্নতি প্রদানের ক্ষেত্রে মুন্সীগঞ্জ পবিস কর্মচারী চাকুরীবিধি ১৯৯২ (সংশোধিত ২০১২) এর ০৭ ধারা যথাযথভাবে অনুসরণ করা হবে। উক্ত ধারা মোতাবেক কেউ যোগ্যতা সম্পন্ন না হলে আবেদন করার প্রয়োজন নাই।

০৮। ইতিপূর্বে অন্য কোন পবিসের চাকুরী হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই

০৯। পদোন্নতি প্রদানের ক্ষেত্রে মুন্সীগঞ্জ পবিস কর্মচারী চাকুরীবিধি ১৯৯২ (সংশোধিত ২০১২) এবং পবিস নির্দেশিকা ৩০০-০৮, ৩০০-১৪ ও ৩০০-২৪ যথাযথভাবে প্রতিপালন করা হবে।

১০। মুন্সীগঞ্জ পবিস এর এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও পবিস এ কর্মকর্তা/কর্মচারীর স্বামী/স্ত্রী বা তাদের রক্ত সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নাই। তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগ প্রাপ্ত হলে প্রমাণ সাপেক্ষে চাকুরীচ্যুত করাসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। অতীত কর্মসম্পাদনের মান সন্তোষজনক হওয়া সাপেক্ষে যোগ্যতা সম্পন্ন প্রার্থীগণের মধ্য হতে জ্যৈষ্ঠ্যতার ভিত্তিতে নিয়োগের জন্য বিবেচনা করা হবে।

১২। নির্বাচনী সাক্ষাতকারে উপস্থিত হওয়ার জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গন্য হবে।

10/09/24
(মোঃ হাদিউজ্জামান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (কেঃ অঃ)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ......................... পবিস ১/২/৩/৪।
০৫। ডিজিএম, সদর দপ্তর-কারিগরী/টংগীবাড়ী/সিরাজদিখান/লৌহজং/মুন্সীগঞ্জ/শ্রীনগর জোনাল অফিস, মুপবিস।
০৬। এজিএম (ইএন্ডসি/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/ওএন্ডএম/আইটি-ওএন্ডজি), মুপবিস।
০৭। এজিএম (ওএন্ডএম), নিমতলা/চরডুমুরিয়া/ভাগ্যকুল/ডিক্রীরচর/নওপাড়া সাব-জোনাল অফিস, মুপবিস।
০৮। নোটিশ বোর্ড/ওয়েব সাইড, মুপবিস।
০৯। অফিস কপি/মাস্টার কপি।

10/09/24
(মোঃ হাদিউজ্জামান)
জেনারেল ম্যানেজার